

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dae.gov.bd

স্মারক নং- ১৯১৫(৫৬৪)

তারিখঃ ২৫/০২/২০১৮খ্রি.

প্রতি,

উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উপজেলা (সকল)।


বিষয়ঃ আগামী ২৮/০২/২০১৮খ্রিঃ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কৃষি বাতায়ন ও কৃষক বন্ধু ফোন সেবা উদ্বোধন অনুষ্ঠান উপজেলা পর্যায়ে প্রদর্শন ও প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮-০২-২০১৮খ্রি. দুপুর ১১.৩০ টা থেকে ১২.১০ টা পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কৃষি বাতায়ন ও কৃষক বন্ধু ফোন সেবা ভিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্বোধন করবেন, যা দেশের ১৪টি কৃষি অঞ্চলের সাথে সংযুক্ত থাকবে। অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশনে সরাসরি সম্প্রচার করা হবে।

উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগপূর্বক উপজেলা পরিষদ হল রুম/উপযুক্ত স্থানে অনুষ্ঠানটি প্রজেক্টরের মাধ্যমে বড় পর্দায় বহুল প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপজেলা পর্যায়ের কর্মকর্তা/জনপ্রতিনিধি/কৃষক সংগঠন/ কৃষক/ কৃষি উপকরণ ব্যবসায়ী/ সাংবাদিকসহ গন্যমান্য ব্যক্তিদের উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই এবং কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে।

বিষয়টি অতীব জরুরী।


২৫/২/১৮
(মোহাম্মদ মহসীন)

মহাপরিচালক

ফোনঃ ৯১৪০৮৫৭

ই-মেইলঃ dg@dae.gov.bd

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সকল অঞ্চল।
২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সকল জেলা।
৩. উপপরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ণ ও আইসিটি উইং। পত্রটি ডিএই'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


২৫/০২/১৮